আজকের কাগজ

তারিখ 19 NOV 1992

পৃ: ৪ কলাম ৬

33

## ক্লাস শুরু করুন

১৯৮৯-৯১ শিক্ষা সেশনের উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হয় সেপ্টেম্বর-অক্টোবর '৯১ মাসে এবং ফল প্রকাশিত হয় ফেব্রুয়ারি '৯২ মাসে। কৃতকার্য পরীক্ষার্থীরা অতপর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি পরীক্ষায় দলে দলে অংশগ্রহণ করে। এসব ভর্তি পরীক্ষায় যারা কৃতকার্য হয় তারা তাদের পছন্দের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়। বাংলাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান এসব নবাগত ছাত্র-ছাত্রীদের ক্লাস যথাসময়ে শুরু করে দেয়। এমনকি দাংগা-বিক্ষুব্ধ ঢাকা বিশ্ববিদ্যালয়ও সেশনজট দূরীকরণের লক্ষ্যে যথাসময়ে ক্লাস শুরু করে দেয়। কিন্তু দুর্ভাগ্যবশত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর ব্যতিক্রম। তাদের ভর্তি প্রক্রিয়া শেষ হবে ডিসেম্বর '৯২-এর ৬ তারিখ। প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কবে নাগাদ এই নবাগতদের ক্লাস শুরু করবেন তা স্পষ্ট করে না বললেও শুনা যাচ্ছে যে নভেম্বর '৯৩-এর আগে তারা নতুন ১ম বর্ষের ক্লাস শুরু করবেন না অথচ জুলাই '৯১ থেকে এসব ছাত্র-ছাত্রীদের ক্লাস শুরু হওয়া উচিত ছিলো। এদিকে বিত্তবানদের জন্যে নতুন স্থাপিত উত্তর-দক্ষিণ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক জানা গেল যে, তাদের ক্লাস শুরু হবে জানুয়ারি '৯৩ থেকে। যারা গতবার এইচএসসি পাস করেছে এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় কৃতকার্য হতে পারেনি এবং এবার যারা এইচএসসি পরীক্ষা পাস করলো তারা উত্তর-দক্ষিণ বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাবে এবং এই সকল ছাত্র-ছাত্রী প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত নতুন ১ম বর্ষের ছাত্র-ছাত্রীদের চেয়ে শিক্ষাক্ষেত্রে ১ বছর জ্যেষ্ঠ হয়ে যাবে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তি হতেই সময় নিলো ১ বছর, ভর্তির পর ক্লাস শুরু হতে সময় লাগবে আরও ১ বছর এবং এইচএসসি পরীক্ষা পিছানোতে সময় গেল ৬ মাস অর্থাৎ মোট $2\frac{1}{2}$ বছর মূল্যবান সময় এসব ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবন থেকে হারিয়ে গেল। তারপর এদের জীবনে বিত্তের জোরে শিক্ষার্থীদের জ্যেষ্ঠতা লাভের কারণে চরম হতাশা এবং শিক্ষাক্ষেত্রে চরম বৈষম্য নিয়ে আসবে যা জাতির জন্যে মোটেই কল্যাণকর নয়। কাজেই উত্তর-দক্ষিণ বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরুর সঙ্গে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভর্তিকৃত নতুন ১ম বর্ষের ছাত্রছাত্রীদের ক্লাস শুরু করার জন্যে একজন উৎকণ্ঠিত অভিভাবিকা হিসেবে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের নিকট আকুল আবেদন রাখছি।

**মনোয়ারা বেগম**
*২৯১/৪, উত্তর গোড়ান*
*ঢাকা-১২১৯।*